টি, আর ফরম নং ২১
(এস, আর ১৮৩ দ্রষ্টব্য)

ক্রয়, সরবরাহ ও সেবা বাবদ ব্যয়ের বিল

দপ্তর.....

কোড নং [ ] - [ ][ ][ ][ ] - [ ][ ][ ][ ] - [×][×][×][×]

টোকেন নং..... তারিখ..... ভাউচার নং..... তারিখ.....

অর্থনৈতিক কোড	সরবরাহকৃত দ্রব্যের বিবরণ	পরিমাণ	
		টাকা	পঃ
	মোট টাকা		

১। প্রত্যায়ন করা যাইতেছে যে, জনস্বার্থে এই ব্যয় অপরিহার্য ছিল। আমি আরও প্রত্যায়ন করিতেছি যে, আমার জ্ঞান ও বিশ্বাস মতে, এই বিলে উল্লিখিত প্রদত্ত অর্থ নিম্নবর্ণিত ক্ষেত্র ব্যতীত প্রকৃত প্রাপককে প্রদান করা হইয়াছে, তবে স্থায়ী অগ্রিমের টাকা অপেক্ষা দায় বেশী হওয়ায়, অবশিষ্ট পাওনা এই বিলে দাবিকৃত টাকা প্রাপ্তির পর প্রদান করা হইবে। আমি যথাসম্ভব সকল ভাউচার গ্রহণ করিয়াছি এবং সেগুলি এমনভাবে বাতিল করা হইয়াছে যেন পুনরায় ব্যবহার করা না যায়। ২৫ টাকার উর্ধ্বের সকল ভাউচারসমূহ এমনভাবে সংরক্ষণ করা হইয়াছে, যেন প্রয়োজনমত ৩ বৎসরের মধ্যে এইগুলি পেশ করা যায়। সকল পূর্তকর্মের বিল সঙ্গে সংযুক্ত করা হইল।

২। প্রত্যায়ন করা যাইতেছে যে, যে সকল দ্রব্যের জন্য স্টোর একাউন্টস সংরক্ষণ করা হয় সে সব দ্রব্যাদি স্টক রেজিস্টারে অন্তর্ভুক্ত করা হইয়াছে।

৩। প্রত্যায়ন করা যাইতেছে যে, যে সব দ্রব্যাদি ক্রয়ের বিল পেশ করা হইয়াছে, সে সব দ্রব্যের পরিমাণ সঠিক, গুণগতমান ভাল, যে দরে ক্রয় করা হইয়াছে, তাহা বাজার দরের অধিক নহে এবং কার্যাদেশ বা চালান (ইনভয়েস) এর যথাস্থানে লিপিবদ্ধ করা হইয়াছে। যাহাতে একই দ্রব্যের জন্য দ্বিতীয় বার (ডুপ্লিকেট) অর্থ প্রদান এড়ান যায়।

৪। প্রত্যায়ন করা যাইতেছে যে—

(ক) এই বিলে দাবিকৃত পরিবহন ভাড়া প্রকৃতপক্ষে দেওয়া হইয়াছে এবং ইহা অপরিহার্য ছিল এবং ভাড়ার হার প্রচলিত যানবাহন ভাড়ার হারের মধ্যেই; এবং

(খ) সংশ্লিষ্ট সরকারী কর্মচারী সাধারণ বিধিবলে এই ভ্রমণের জন্য ভ্রমণ ব্যয় প্রাপ্য হন না, এবং এর অতিরিক্ত কোন বিশেষ পারিশ্রমিক, এই দায়িত্ব পালনের জন্য প্রাপ্য হইবেন না।